

অল্প সময়ে চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে আসবে ॥ আনিসুল হক

প্রকাশিতঃ জুলাই ১৫, ২০১৭ প্রিন্ট



অনলাইন রিপোর্টার ॥ অতি অল্প সময়ে মধ্যে চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে চলে আসবে বলে জানিয়েছেন উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। মেয়র আনিসুল হক বলেন, চিকুনগুনিয়ার বাহক এডিস মশা মারতে যা যা করার আমরা করছি, করবো। ন্যূনতম সময়ের মধ্যে এটি আমরা নিয়ন্ত্রণে নিয়ে আসব।

আজ শনিবার সকাল সোয়া ১১টায় ডিএনসিসির ভবনের সামনে র্যালির আগে সাংবাদিকদের এসব কথা বলেন মেয়র। এ সময় উপস্থিত ছিলেন স্থানীয় সংসদ সদস্য এ কে এম রহমতুল্লাহ, ডিএনসিসির প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, প্রধান বর্জ্য ব্যবস্থাপক কমোডর আব্দুর রাজ্জাক প্রমুখ। মেয়র বলেন, আমাদের প্রতিটি ওয়ার্ডে আলাদা আলাদা দিনে এ রকম বৃহৎ পরিসরে সচেতনতামূলক কার্যক্রম চলবে। মশক নিধন কার্যক্রমে অবহেলা পেলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান মেয়র।